

**এসএসসি পরীক্ষার নতুন
পদ্ধতি বাতিলের দাবিতে
হরতাল, অবরোধ**

এসএসসি পরীক্ষার নতুন পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবিতে জয়পুরহাটের আক্কেলপুরে অর্ধদিবস হরতাল এবং রংপুর ও কুমিল্লার চৌদ্দগ্রামে সড়ক অবরোধ কর্মসূচী পালিত হয়েছে।

আক্কেলপুর (জয়পুরহাট) থেকে নিজস্ব সংবাদদাতার ফোন : আক্কেলপুরে আজ শনিবার অর্ধদিবস হরতাল হয়েছে। স্থানীয় এসএসসি : পৃঃ ৮ কঃ ৬

**এসএসসি : পদ্ধতি
বাতিল দাবি**

(১ম পৃষ্ঠার পর)

সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা এই হরতাল আহ্বান করে।

হরতালের সময় ছাত্ররা বেলাগেট এলাকায় টায়ার পুড়িয়ে যানবাহন চলাচলে বাধা দেয়। এ এলাকায় কয়েকটি ককটেলেরও বিস্ফোরণ ঘটে।

বেলা ১১টার দিকে বিষ্ণু ছাত্ররা শিক্ষামন্ত্রীর কুশপুতলিকা দাহ করে। বিস্ফোভ মিছিলশেষে চৌরাস্তার মোড়ে আয়োজিত এক সমাবেশে বক্তারা বলেছে, তাদের দাবি মানা না হলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচী ঘোষণা দেয়া হবে। পরে থানা নির্বাহী কর্মকর্তার কাছে খারকলিপি প্রদান করা হয়।

কুমিল্লা থেকে জেলা বার্তা পরিবেশক ফোনে জানান : একই দাবিতে কুমিল্লার চৌদ্দগ্রাম থানার পদুয়ায় বিষ্ণু ছাত্ররা সকাল ১১টা থেকে বেলা ২টা পর্যন্ত ঢাকা-চৌদ্দগ্রাম মহাসড়ক অবরোধ করে-রাখে। এ সময় যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। বিষ্ণু ছাত্ররা ৪টি বাস ভাঙচুর করে। তাদের বাধা দিতে গিয়ে ২ জন পুলিশ আহত হয়। পরে পুলিশ লাঠিচার্জ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

রংপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান : রংপুর-ঢাকা মহাসড়কে ৭ ঘন্টা অবরোধ করে স্কুল ছাত্ররা ৩০টি মোটরগাড়ি ভাঙচুর করে। এই ভাঙচুর চলাকালে মোটর শ্রমিকদের সাথে ছাত্রদের সংঘর্ষ বাধে। এ সংঘর্ষের ফলে বেলা ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত এই সড়কপথে উত্তর-রাঙ্গলের ৭টি জেলার যোগাযোগ বিচ্ছিন্ন ছিল।

এস,এস,সি পরীক্ষার পূর্বতন পদ্ধতি বহাল রাখার দাবিতে প্রায় ৫ শতাধিক স্কুলছাত্র আজ বেলা ১১টায় ঢাকা-রংপুর মহাসড়কের শঠিবাড়ী নামক স্থানে সড়ক অবরোধ করে রাখে। এ সময় দু'দিক থেকে এই সড়কপথে আসা প্রায় ৪ শতাধিক গাড়ি, টাক-মাইক্রোবাসসহ প্রাইভেটকার আটকা পড়ে যায় এবং বিষ্ণু ছাত্ররা এসব গাড়ির মধ্যে ৩০টি গাড়ি মারাত্মক ভাঙচুর করে। এর এক পর্যায়ে মোটর শ্রমিকরা বিষ্ণু হয়ে পড়ে এবং ছাত্রদের সাথে সংঘর্ষের সূত্রপাত হয়। এতে ১৫ জন ছাত্র-শ্রমিক আহত হয়। পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এই সংঘর্ষ চলাকালে উত্তরাঙ্গলের রংপুর-দিনাজপুর-পঞ্চগড় - ঠাকুরগাঁ - নীলফামারী-লাল-মনিরহাট-কুড়িগ্রাম জেলার সাথে সারা-দেশের ৯ ঘন্টা সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে এবং আটকেপড়া বাসযাত্রীরা চরম দুর্ভোগের শিকার হয়।

22